ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪০১

মোহনপুর,২৮ এপ্রিল,২০২৫

# গঙ্গাগতিপুরে তিনদিনব্যাপী কুমারীকুন্ড মেলা

মোহনপুরের গঙ্গাগতিপুরে গতকাল থেকে তিনদিনব্যাপী কুমারীকুন্ড মেলা শুরু হয়েছে। মেলার আয়োজনে রয়েছে ছাত্রবৃন্দ জনতা সংঘ। সহযোগিতায় তথ্য ও সংস্কৃতি দপ্তর। গতকাল এই অনুষ্ঠানের উদ্বোধন করেন মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ। মেলা উপলক্ষ্যে প্রতিদিন সন্ধ্যায় চলছে সাংস্কৃতিক অনুষ্ঠান। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব ও ভাইস চেয়ারম্যান সঞ্জীব কুমার দাস, পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন শংকর দেব, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্য জয়লাল দাস প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক অশোক দেববর্মা।

*****